



স্মারক নং- ৩৮.০১.৫৭০০.০০০.২৩.০০৩.২৩-৭৭২/৭

তারিখ: ১৩/০৯/২০২৩ খ্রি।

বিষয়: বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এর জেলা পর্যায়ের খেলায় খেলোয়াড়সহ সকল কর্মকর্তা ও শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত প্রসঙ্গে।

সূত্র: ১১/০৯/২০২৩ তারিখের জেলা টুর্নামেন্ট পরিচালনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এর জেলা পর্যায়ের খেলা আগামী ১৫ ও ১৬ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ ১ম পর্যায়ে লীগ পদ্ধতিতে বিকাল ০৩:০০ ঘটিকা হতে এবং ফাইনাল খেলা আগামী ২২ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ বিকাল ০৩:৩০ ঘটিকা হতে মেহেরপুর জেলা স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। জনাব মো: শামীম হাসান, জেলাপ্রশাসক, মেহেরপুর মহোদয় উক্ত খেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে এবং জনাব ফরহাদ হোসেন, মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সংসদ সদস্য-৭৩, মেহেরপুর-১ মহোদয় উক্ত ফাইনাল খেলায় পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

এমতাবস্থায়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৮.১০৭.০২০.০১.০০.২৫.২০৫-৬৭০(১১৯০) তারিখ: ২৯/০৪/২০১৫ মোতাবেক উভয় টুর্নামেন্টে অংশগ্রহণকারী খেলোয়াড়দের বয়স সর্বোচ্চ ১২ বছর এবং উচ্চতা মেয়েদের ক্ষেত্রে ৪'৯" (চার ফুট নয় ইঞ্চি) এবং ছেলেরদের ক্ষেত্রে ৫' (পাঁচ ফুট)। বয়স ও উচ্চতা যাচাই করে খেলোয়াড় নির্বাচন করতে হবে। সংশ্লিষ্ট বিদ্যালয়ের খেলোয়াড়সহ কর্মকর্তাদের নির্ধারিত তারিখ ও স্থানে উপস্থিতি নিশ্চিতকরণসহ আগামী ১৪/০৯/২০২৩ খ্রি. তারিখ বিকাল ৩:০০ টার মধ্যে নিম্নবর্ণিত তথ্য/কাজপত্রাদি জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মেহেরপুর-এ জমা প্রদান নিশ্চিত করার অনুরোধ করা হলো।

ক) ছক-১ থেকে ছক ৬ পর্যন্ত (৬ প্রস্থ করে)।

খ) গ্রুপ ছবি ৪.৫/৬ ইঞ্চি সাইজের(ছবির পিছনে ইউএইচএফপিও, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। ছবির পিছনে বিদ্যালয়ের নাম ও বয়সের প্রত্যয়ন থাকবে। প্রতিটি খেলোয়াড়ের জন্য সনদের সত্যায়িত কপি প্রেরণ করতে হবে।

গ) উক্ত খেলা চলাকালীন জেলাধীন সকল উপজেলার প্রাথমিক শিক্ষা বিভাগীয় কর্মকর্তা, কর্মচারী এবং সকল প্রধান ও সহকারী শিক্ষকের উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।

খেলার সূচী:

প্রথম পর্যায় (লীগ পদ্ধতিতে)

টুর্নামেন্ট	তারিখ	সময়	দল
বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩	১৫/৯/২০২৩	বিকাল ৪:০৫	শোলমারী সপ্রাবি সপ্রাবি, সদর বনাম মহব্বতপুর সপ্রাবি, গাংনী
	১৬/৯/২০২৩	বিকাল ৩:০০	শোলমারী সপ্রাবি সপ্রাবি, সদর বনাম ভবানীপুর সপ্রাবি, মুজিবনগর
	১৬/৯/২০২৩	বিকাল ৫:১০	ভবানীপুর সপ্রাবি, মুজিবনগর বনাম মহব্বতপুর সপ্রাবি, গাংনী
বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩	১৫/৯/২০২৩	বিকাল ৩:০০	উজলপুর সপ্রাবি সপ্রাবি, সদর বনাম পীরতলা সপ্রাবি, গাংনী
	১৫/৯/২০২৩	বিকাল ৫:১০	আনন্দবাস সপ্রাবি, মুজিবনগর বনাম উজলপুর সপ্রাবি সপ্রাবি, সদর
	১৬/৯/২০২৩	বিকাল ৪:০৫	আনন্দবাস সপ্রাবি, মুজিবনগর বনাম পীরতলা সপ্রাবি, গাংনী

চূড়ান্ত পর্যায় (ফাইনাল খেলা)

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩			বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩		
তারিখ	সময়	দল	তারিখ	সময়	দল
২২/৯/২০২৩	বিকাল ০৩:৩০	১৫/০৯/২০২৩ ও ১৬/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত খেলায় সর্বোচ্চ পয়েন্ট প্রাপ্ত দুটি দলের মধ্যে।	২২/৯/২০২৩	বিকাল ০৪:৩০	১৫/০৯/২০২৩ ও ১৬/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত খেলায় সর্বোচ্চ পয়েন্ট প্রাপ্ত দুটি দলের মধ্যে।

উপজেলা শিক্ষা অফিসার (সকল)
মেহেরপুর।

(মোঃ রশূল আমীন)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
মেহেরপুর।

dpeomeher@gmail.com
ফোন নং: ০২৪ ৭৯৯২১০৮৪

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর, মেহেরপুর।
- ৩। অফিস কপি।